

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৫, ২০২৪

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
মানব সম্পদ শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ : ২০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ/০৪ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ১১.০০.০০০০.৮০৩.০৬.০৩৩.২৪-৪৮১—জাতীয় সংসদ সচিবালয় আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ৮নং আইন) এর ধারা ২১ এ প্রদত্ত ক্ষমতাবলে সংসদ সচিবালয় কমিশনের সাথে মাননীয় স্পীকারের পরামর্শক্রমে, সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৪ (২০২১ সালের অক্টোবর পর্যন্ত সংশোধিত) এর তফসিলের ক্রমিক-১২০ ও ১৩০ এর বিপরীতে বিদ্যমান এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপনপূর্বক উক্ত বিধিমালা সংশোধন করা হলো :

ক্রমিক নং	পদের নাম	পদের গ্রেড	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়ঃসীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১২০.	সাঁটমুদ্রাক্ষরিক -কাম কম্পিউটার অপারেটর	গ্রেড-১৩	অনূর্ধ্ব ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	সরাসরি নিয়োগের মাধ্যমে।	সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (১) কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে অনূন্য স্নাতক ডিগ্রী।

(২২৪৩৭)

মূল্য : টাকা ৪.০০

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
					<p>(২) বাংলা সাঁটলিপি ও কম্পিউটারে Word Processing/Data Entry সর্বনিম্ন গতি যথাক্রমে ৪৫ ও ৩০ শব্দ অথবা ইংরেজী সাঁটলিপি ও কম্পিউটারে Word Processing/Data Entry সর্বনিম্ন যথাক্রমে ৭০ ও ৪০ শব্দের গতি থাকিতে হইবে।</p> <p>(৩) Word Processing, Spread Sheet Analysis, Database এবং Presentation এ দক্ষ হইতে হইবে।</p>
১৩০.	অফিস সহকারী - কাম কম্পিউটার অপারেটর	গ্রেড-১৬	অনূর্ধ্ব ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	৩৫% জাতীয় সংসদ সচিবালয়ের ২০তম গ্রেডের কর্মচারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। ৬৫% সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>পদোন্নতির ক্ষেত্রে:</p> <p>২০তম গ্রেডের কর্মচারী হিসেবে অন্যান্য ৭ বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ কোনো অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যান্য এসএসসি পাস এবং কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing ইত্যাদিতে গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজীতে যথাক্রমে ২০ ও ৩০ শব্দ।</p> <p>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</p> <p>কোনো অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যান্য এইচএসসি পাস। কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing ইত্যাদিতে গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজীতে যথাক্রমে ২০ ও ৩০ শব্দ।</p>

স্পীকারের আদেশক্রমে

মোঃ মাহবুব জামিল

উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd